# ২০তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ১৯৯৮

পরীক্ষার তারিখ ১১.১২.১৯৯৮ সেট ১ সময় ১ ঘন্টা; পূর্ণমান ১০০

১. 'পদ' বলতে কি বোঝায়?

ⓚ কবিতার চরণ ⓚh যে কোনো শব্দ

(ক) কবিতার চরণ (খ) যে কোনো শব্দ

(গ) প্রত্যয়ান্ত শব্দ বা ধাতু (ঘ) বিভক্তিযুক্ত শব্দ ও ধাতু

(ব্যাখ্যা) *যদি 'পদ' শব্দটির অর্থ কি জানতে চাওয়া হতো; তবে বলা যেত পদ শব্দের অর্থ— চরণ, কবিতার পঙ্‌ক্তি কিংবা মধ্যযুগের সাহিত্যের বৈষ্ণব কবিদের রচিত গীতিকবিতা। ব্যাকরণের দৃষ্টিকোণ থেকে 'পদ' বলতে বোঝায় বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে। এছাড়া বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দই এক একটি পদ।*

২. কোন বানানটি শুদ্ধ?

(ক) শুশ্রূষা (খ) সুশ্রূষা

(গ) শুশ্রুষা (ঘ) সুশ্রুসা

৩. ঠোঁট-কাটা বলতে কি বুঝায়?

(ক) অহংকারী (খ) স্পষ্টভাষী

(গ) মিথ্যাবাদী (ঘ) পক্ষপাতদুষ্ট

(ব্যাখ্যা) *'ঠোঁট-কাটা' শব্দের অর্থ কাউকে কোনো কিছু বলতে দ্বিধাবোধ করে না এমন, স্পষ্টবক্তা বা স্পষ্টবাদী। 'পক্ষপাতদুষ্ট' বলতে বোঝায় একচোখা বা এক পক্ষের প্রতি অনুরক্ত। 'অহংকারী' অর্থ অহংকার করে এমন, অভিমানী। 'মিথ্যাবাদী' অর্থ মিথ্যা কথা বলে এমন, অসত্যভাষী।*

৪. 'বিষাদ-সিন্ধু' কার রচনা?

(ক) কায়কোবাদ (খ) মীর মশাররফ হোসেন

(গ) মোজাম্মেল হক (ঘ) ইসমাইল হোসেন সিরাজী

(ব্যাখ্যা) *'বিষাদ-সিন্ধু' মীর মশাররফ হোসেনের শ্রেষ্ঠ উপন্যাস। উপন্যাসটিতে তিনটি পর্ব আছে। 'মহরম পর্ব' (১৮৯৫), 'উদ্ধার পর্ব' (১৮৮৭), 'এজিদবধ পর্ব' (১৮৯১)। উপন্যাসটি কারবালার বিষাদময় কাহিনী অবলম্বনে রচিত। মহানবী হযরত মুহম্মদ (স)-এর দৌহিত্র ইমাম হাসান ও ইমাম হোসেনের সঙ্গে দামেস্ক অধিপতি মুয়াবিয়ার একমাত্র পুত্র এজিদের বিরোধ ও যুদ্ধ এই উপন্যাসের মূল কাহিনী।*

৫. কোনটি কাব্যগ্রন্থ?

(ক) শেষ প্রশ্ন (খ) শেষ লেখা

(গ) শেষের কবিতা (ঘ) শেষের পরিচয়

(ব্যাখ্যা) *শেষ লেখা (কাব্যগ্রন্থ) : রবীন্দ্রনাথ ঠাকুর; শেষ প্রশ্ন (উপন্যাস) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়; শেষের কবিতা (উপন্যাস) রবীন্দ্রনাথ ঠাকুর; নবযুগ (পত্রিকা) : সম্পাদক—কাজী নজরুল ইসলাম।*

৬. নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গ্রন্থ কোনটি?

(ক) রাজবন্দীর জবানবন্দী (খ) ব্যথার দান

(গ) অগ্নিবীণা (ঘ) নবযুগ

(ব্যাখ্যা) *নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গ্রন্থ 'ব্যথার দান' (ফেব্রুয়ারি, ১৯২২)। 'ব্যথার দান' নজরুলের গল্পগ্রন্থ। 'অগ্নিবীণা' তার প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ (সেপ্টেম্বর, ১৯২২)। 'রাজবন্দীর জবানবন্দী' তার প্রবন্ধগ্রন্থ (১৯২৩) এবং 'নবযুগ' তার সম্পাদনায় প্রকাশিত পত্রিকা (১৯২০)।*

৭. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

(ক) চিলেকোঠার সেপাই (খ) আগুনের পরশমণি

(গ) একাত্তরের দিনগুলি (ঘ) পায়ের আওয়াজ পাওয়া যায়

(ব্যাখ্যা) *'চিলেকোঠার সিপাই' আখতারুজ্জামান ইলিয়াস রচিত একটি সামাজিক উপন্যাস। '৬৯-এর গণআন্দোলন এর উপজীব্য। 'আগুনের পরশমণি' হুমায়ূন আহমেদের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। 'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমামের মুক্তিযুদ্ধের স্মৃতিকথা (প্রবন্ধ)। 'পায়ের আওয়াজ পাওয়া যায়' সৈয়দ শামসুল হকের মুক্তিযুদ্ধভিত্তিক নাটক।*

৮. কোনটি শামসুর রাহমানের রচনা?

(ক) নিরন্তর ঘণ্টাধ্বনি (খ) নির্জন স্বাক্ষর

(গ) নিরালোকে দিব্যরথ (ঘ) নির্বাণ

(ব্যাখ্যা) *নিরালোকে দিব্যরথ (কাব্যগ্রন্থ) শামসুর রাহমান; নির্জন স্বাক্ষর (উপন্যাস) : বুদ্ধদেব বসু; নিরন্তর ঘণ্টাধ্বনি (উপন্যাস) : সেলিনা হোসেন।*

৯. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান'
—এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?

(ক) অবস্থাবাচক শব্দ (খ) বাক্যালঙ্কার শব্দ

(গ) ধ্বন্যাত্মক শব্দ (ঘ) দ্বিরুক্ত শব্দ

(ব্যাখ্যা) *যেসব শব্দ অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয় তাকে অনুকার বা ধ্বন্যাত্মক শব্দ বলে। যেমন : কুহু কুহু (কোকিলের রব), টাপুর টুপুর (বৃষ্টির পতনের শব্দ), হু হু (বাতাস প্রবাহের শব্দ)।*

১০. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?

(ক) সিংহাসন (খ) ভাই-বোন

(গ) কানাকানি (ঘ) গাছপাকা

(ব্যাখ্যা) *সিংহাসন সিংহ চিহ্নিত আসন (মধ্যপদলোপী কর্মধারয় সমাস); ভাইবোন ভাই ও বোন (দ্বন্দ্ব সমাস); কানাকানি : কানে কানে যে কথা (ব্যতিহার বহুব্রীহি সমাস); গাছপাকা : গাছে পাকা (সপ্তমী তৎপুরুষ সমাস)।*

১১. 'যা সহজে অতিক্রম করা যায় না'—এ বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কি?

(ক) অনতিক্রম্য (খ) অলজ্ঘ্য

(গ) দূরতিক্রম্য (ঘ) দুর্গম

(ব্যাখ্যা) *অনতিক্রম্য : যা অতিক্রম করা যায় না; অলঙ্ঘ্য : যা লঙ্ঘন করা যায় না; দূরতিক্রম্য : যা সহজে অতিক্রম করা যায় না; দুর্গম : যেখানে সহজে গমন করা যায় না।*

উত্তর

| | |
|---|---|
| ১ | ঘ |
| ২ | গ |
| ৩ | খ |
| ৪ | খ |
| ৫ | খ |
| ৬ | গ |
| ৭ | খ |
| ৮ | গ |
| ৯ | ঘ |
| ১০ | খ |
| ১১ | গ |

১২. 'ব্যাঙের সর্দি'—অর্থ কি?
ⓚ রোগ বিশেষ ⓚ সম্ভাব্য ঘটনা
ⓖ অসম্ভব ঘটনা ⓖ প্রতারণা

১৩. 'সংশপ্তক' কার রচনা?
ⓚ মুনীর চৌধুরী ⓚ শহীদুল্লাহ কায়সার
ⓖ জহির রায়হান ⓖ শওকত ওসমান

(ব্যাখ্যা) *'সংশপ্তক' (১৯৬৫) শহীদুল্লাহ কায়সার রচিত একটি উপন্যাস। তার অন্য একটি বিখ্যাত উপন্যাস 'সারেং বৌ'। শহীদুল্লাহ কায়সার ছিলেন শহীদ বুদ্ধিজীবী। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর তাকে অপহরণ করে নিয়ে যাওয়া হয়। এরপর তার আর সন্ধান পাওয়া যায়নি। জহির রায়হান তার সহোদর। নাট্যকার, গল্প লেখক ও শহীদ বুদ্ধিজীবী মুনীর চৌধুরীর বিখ্যাত নাটক 'কবর; (১৯৬৬), 'রক্তাক্ত প্রান্তর' (১৯৬২), 'মুখরা রমণী বশীকরণ' (১৯৭০)। তিনি কোনো উপন্যাস রচনা করেননি। জহির রায়হান রচিত উল্লেখযোগ্য উপন্যাস 'আরেক ফাল্গুন', 'হাজার বছর ধরে', 'বরফ গলা নদী'। শওকত ওসমানের উল্লেখযোগ্য উপন্যাস 'ক্রীতদাসের হাসি' (১৯৬২) 'জননী' (১৯৬১), 'জাহান্নাম হইতে বিদায়' (১৯৭১), 'দুই সৈনিক' (১৯৭৩) প্রভৃতি।*

১৪. 'একুশে ফেব্রুয়ারি' প্রথম সংকলনের সম্পাদক কে?
ⓚ শওকত ওসমান ⓚ জহির রায়হান
ⓖ আব্দুল গণি হাজারী ⓖ হাসান হাফিজুর রহমান

(ব্যাখ্যা) *'৫২ ভাষা আন্দোলনের শহীদদের স্মরণে ১৯৫৩ সালে 'একুশে ফেব্রুয়ারি' সাহিত্য সংকলনটি প্রকাশিত হয়। হাসান হাফিজুর রহমান ছিলেন এর সম্পাদক। এছাড়াও তার সম্পাদনায় ১৫ খণ্ডে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ : দলিলপত্র' (১৯৮২-৮৩) প্রকাশিত হয়।*

১৫. 'নদী ও নারী' কার রচনা?
ⓚ কাজী আব্দুল ওদুদ ⓚ আবুল ফজল
ⓖ শামসুদ্দিন আবুল কালাম ⓖ হুমায়ুন কবির

(ব্যাখ্যা) *'নদী ও নারী' (১৯৪৫) হুমায়ুন কবির রচিত একটি উপন্যাস। কাজী আবদুল ওদুদ রচিত উপন্যাস 'নদীবক্ষে' (১৯১৮)। শামসুদ্দীন আবুল কালাম রচিত বিখ্যাত উপন্যাস 'কাশবনের কন্যা' আবুল ফজল রচিত উপন্যাস 'রাঙা প্রভাত' (১৩৬৪), 'প্রদীপ ও পতঙ্গ' (১৩৪৭), 'চৌচির' (১৯৩৪)।*

১৬. কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ কোনটি?
ⓚ অগ্নিকোণ ⓚ মরুশিখা
ⓖ মরুসূর্য ⓖ রাঙাজবা

(ব্যাখ্যা) *রাঙাজবা : কাজী নজরুল ইসলামের সঙ্গীতবিষয়ক গ্রন্থ। মরুশিখা : যতীন্দ্রনাথ সেনগুপ্তের কাব্যগ্রন্থ। মরুসূর্য : আ. ন. ম. বজলুর রশীদ রচিত কাব্যগ্রন্থ।*

১৭. 'আত্মঘাতী বাঙালি' কার রচিত গ্রন্থ?
ⓚ অশোক মিত্র ⓚ দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়
ⓖ নীরদচন্দ্র চৌধুরী ⓖ অতুল সুর

(ব্যাখ্যা) *'আত্মঘাতী বাঙালি' রচনা করেন নীরদ চন্দ্র চৌধুরী। অশোক মিত্র রচিত গ্রন্থ 'কবিতা থেকে মিছিল'। দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় রচিত গ্রন্থ 'যে গল্পের শেষ নেই', 'লোকায়ত দর্শন'।*

১৮. 'সংস্কৃতির ভাঙা সেতু' গ্রন্থ কে রচনা করেছেন?
ⓚ মোতাহের হোসেন চৌধুরী ⓚ বিনয় ঘোষ
ⓖ আখতারুজ্জামান ইলিয়াস ⓖ রাধারমণ মিত্র

(ব্যাখ্যা) *'সংস্কৃতির ভাঙা সেতু' আখতারুজ্জামান ইলিয়াস রচিত প্রবন্ধগ্রন্থ। 'সংস্কৃতির কথা' মোতাহের হোসেন চৌধুরী রচিত প্রবন্ধগ্রন্থ। এছাড়া 'সংস্কৃতির চড়াই-উৎরাই' (প্রবন্ধ) শওকত ওসমান, 'সংস্কৃতির রূপান্তর' (প্রবন্ধ) গোপাল হালদার ও 'সংস্কৃতির সংকট' (প্রবন্ধ) বদরুদ্দিন উমর রচিত গ্রন্থ।*

১৯. কাক ভূষণ্ডির অর্থ কি?
ⓚ ষড়যন্ত্রকারী ⓚ বাকসর্বস্ব
ⓖ দীর্ঘ প্রতীক্ষমাণ ⓖ দীর্ঘায়ু ব্যক্তি

২০. নিত্য মূর্ধণ্য-ষ কোন শব্দে বর্তমান?
ⓚ কষ্ট ⓚ উপনিষৎ
ⓖ কল্যাণীয়েষু ⓖ আষাঢ়

(ব্যাখ্যা) *কতগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ বসে। যেমন– আষাঢ়, ঊষা, ঈষৎ, পাষণ্ড, পাষাণ, ভাষা, শোষণ ইত্যাদি।*

***Each question below consists of a related pair of words. Select the pair that best expresses a relationship similar to that expressed in the original pair.***

২১. EXCITE : CALM
ⓚ restrain : compose ⓚ agitate : trouble
ⓖ upset : preturb ⓖ stimulate : cool down

(ব্যাখ্যা) *Excite– উত্তেজিত করা, Calm– শান্ত। সুতরাং শব্দ দুটি Antonymous option (ক), (খ), (গ) এর শব্দ জোড়াগুলো পরস্পর synonym। সুতরাং উত্তর (ঘ)। Stimulate – উত্তেজিত করা; Cool down–শান্ত করা।*

২২. DELAY : EXPEDITE
ⓚ related : halt ⓚ block : obstruct
ⓖ drag : procrastinate ⓖ detain : dispatch

(ব্যাখ্যা) *Delay– বিলম্বিত করা; Expedite–ত্বরান্বিত করা। সুতরাং এ শব্দ দুটি Antonymous। Option (ঘ)তে Detain – আটকে রাখা, Dispatch – প্রেরণ করা। বাকি optionগুলোর প্রায় সবই পরস্পর synonymous।*

২৩. ANARCHY : GOVERNMENT
ⓚ penury : wealth ⓚ chaos : disorder
ⓖ monarchy : republic ⓖ verbosity : words

(ব্যাখ্যা) *সরকারের অভাবে যেমন অরাজকতা (Anarchy) সৃষ্টি হয় তেমনি সম্পদের (wealth) অভাবে দারিদ্র্য (penury) আসে। উত্তর (ক)।*

উত্তর

| | |
|---|---|
| ১২ | গ |
| ১৩ | খ |
| ১৪ | ঘ |
| ১৫ | ঘ |
| ১৬ | ঘ |
| ১৭ | গ |
| ১৮ | গ |
| ১৯ | ঘ |
| ২০ | ঘ |
| ২১ | ঘ |
| ২২ | ঘ |
| ২৩ | ক |


VisionApps10

২৪. **VACCINE : PREVENT**
ⓚ wound : heal ⓚ victim : attend
ⓖ antidote : counteract ⓖ diagnosis : cure

(ব্যাখ্যা) *Vaccine-এর কাজ হচ্ছে রোগ প্রতিরোধ করা। তদ্রূপ Antidote (রোগ প্রতিরোধক ওষুধ) রোগের বিস্তারকে ব্যর্থ করে(counteract)।*

***Questions 25 to 30 are incomplete sentences. You are to choose the one word or phrase that best completes the sentence.***

২৫. **—glass is, for all practical purposes, a solid, its molecular structure is that of a liquid.**
ⓚ Because ⓚ Since
ⓖ Although ⓖ If

(ব্যাখ্যা) *দুইটি clause যুক্ত এ ধরনের বাক্যের প্রতিটি clause থেকে key words সনাক্ত করে এদের সম্পর্ক নির্ণয় করতে হয়। Key word (s) সাধারণত Object এর স্থলে ব্যবহৃত Adjective বা Adverb.*
*এখানে ১ম clause টির key word হচ্ছে 'Solid' এবং ২য় টির key word হচ্ছে 'Liquid' উভয়ের সম্পর্ক বিপরীতধর্মী। সুতরাং এরা Contrast বা বৈপরীত্য প্রকাশ করছে।*
*এ ধরনের Contrast indicating conjunction হচ্ছে although/ Though/ Even though ইত্যাদি।*
*Choice 'গ'-তে Although থাকায় সঠিক উত্তর 'গ'।*

২৬. **An intensive search was conducted by the detective to locate those criminals, who —.**
ⓚ have had escaped ⓚ had escaped
ⓖ are escaping ⓖ have been escaping

(ব্যাখ্যা) *এখানে Who দ্বারা দুটি clause যুক্ত হয়েছে। প্রথম clause টিতে যেহেতু past tense ব্যবহৃত হয়েছে কাজেই অপর clause টিতেও past tense ব্যবহার করা আবশ্যক। এখানে শুধু Choice 'খ' তেই past tense ব্যবহার করা হয়েছে (had), অপর তিনটিতে pressent tense ব্যবহার করা হয়েছে। তাই সঠিক উত্তর 'খ'।*

২৭. **The intellectual can no longer be said to live — the margine of society.**
ⓚ against ⓚ beyond
ⓖ inside ⓖ before

(ব্যাখ্যা) *The margin of society বলতে এখানে সমাজের সীমারেখা বোঝান হয়েছে।*
*এখানে, Against – বিপক্ষে*
*Beyond – উর্ধ্বে*
*Inside – মধ্যে*
*Before – পূর্বে*
*সমাজের সীমারেখার 'বিপক্ষে' বা 'পূর্বে' কোনো অর্থ দেয় না। তাই 'ক' ও 'ঘ' গ্রহণযোগ্য নয়। কিন্তু সমাজের সীমারেখার উর্ধ্বে বা মধ্যে বললে তা অর্থ দেয়। তবে no longer থাকায় অর্থ দাঁড়ায় 'উর্ধ্বে নয়' (খ) এবং 'মধ্যে নয়' (গ)। তবে 'উর্ধ্বে নয়' বা 'মধ্যে নয়' এর মধ্যে 'উর্ধ্বে নয়' কে সবচেয়ে সঠিক হিসেবে চিহ্নিত করা যায়। কারণ, বুদ্ধিজীবীরাও সমাজের সীমারেখার মধ্যে অবস্থান করেন। কাজেই তারা 'সমাজের সীমারেখার মধ্যে নন' – এ কথা ঠিক নয়। সুতরাং সঠিক উত্তর 'খ'।*

২৮. **According to the conditions of my scholarship, after finishing my degree —.**
ⓚ my education will be employed by the University
ⓚ employment will be given to me by the University
ⓖ the University will employ me
ⓖ I will be employed of the University

(ব্যাখ্যা) *যে কোনো clause এর পূর্বে Preposition + V. ing + object থাকলে কিংবা V.ing + object যুক্ত Phrase থাকলে কমার পর মূল clause এর Subject হিসেবে কেবল মাত্র ব্যক্তি/ব্যক্তিসত্তা আছে এমন বস্তুকে subject হিসেবে ব্যবহার করতে হয়। উল্লেখ্য, মানুষ ব্যতীত যে কোনো পরিবহন, নদী, সংবাদপত্র, পুস্তক, প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, ক্লাব), সমুদ্র, সড়ক প্রভৃতির ব্যক্তিসত্তা আছে। Choice 'ক' ও 'খ'-তে অব্যক্তিবাচক Subject ব্যবহৃত হয়েছে বলে সহজেই এদেরকে বর্জন করা যায়। আবার 'ঘ'-তে employed of the university থাকায় তা বর্জন করা যায়। কারণ সঠিক passive রূপ হতে হলে of স্থলে by হতো। সঠিক বাক্যটি হতো I will be employed by my university. সুতরাং সঠিক উত্তর 'গ'।*

২৯. **If a substance is cohesive, it tends to —.**
ⓚ retain heat ⓚ bend without much difficulty
ⓖ stick together ⓖ break easily

(ব্যাখ্যা) *Cohesive – দৃঢ়ভাবে একত্রে লেগে থাকে এমন। এখন, Retain heat – তাপ অব্যাহত রাখা। Bend without too much difficulty – খুব বেশি কাঠিন্য ছাড়াই বাঁকা হয়। Stick together – একত্রে লেগে থাকা। Break easily – সহজেই ভেঙে যায়। এখন, আঠাল জিনিস স্বাভাবিকভাবেই নমনীয় বা অর্ধ তরল হয়। যেমন, চুইংগাম, রাবার ইত্যাদি। কাজেই এ ধরনের জিনিস বাঁকা করা (খ) ও ভেঙে যাওয়ার (ঘ) বিষয়টি বাদ দেয়া যায়। আবার, তাপ উৎপাদনকারী বস্তু ব্যতীত তাপ ধরে রাখা যায় না। তাই 'ক' কেও বাদ দেয়া যায়। যে জিনিস Cohesive (দৃঢ়ভাবে লেগে থাকে) তা অবশ্যই together (একত্রে লেগে থাকে)। অতএব, সঠিক উত্তর 'গ'।*

৩০. **He stopped his car — when the light turned red.**
ⓚ abruptly ⓚ equitably
ⓖ ambiguously ⓖ incisively

(ব্যাখ্যা) *Abruptly – হঠাৎ করে, আকস্মিকভাবে, আচমকা। Equitably – ন্যায় সঙ্গতভাবে। Ambiguously – দ্ব্যর্থপূর্ণভাবে। Incisively – তীক্ষ্ণভাবে। প্রশ্নে যেহেতু লালবাতি দেখে গাড়ি থামানোর কথা বলা হয়েছে, তাই Choice 'ক' সঠিক।*

উত্তর

| | |
|---|---|
| ২৪ | গ |
| ২৫ | গ |
| ২৬ | খ |
| ২৭ | খ |
| ২৮ | গ |
| ২৯ | গ |
| ৩০ | ক |

*Each sentence contains two blanks, Choose the set of words for each blank that best completes the sentence.*

**৩১. The influence of the technological revolution in — and — the concentration of wealth and power in the hands of the few should worry us all.**

ⓚ proliferating — diminishing
ⓖ undermining — neutralizing
ⓖ accelerating — intensifying
ⓖ aggravating — demolishing.

(ব্যাখ্যা) *double blanks যুক্ত বাক্যে and দ্বারা blank দুটি যুক্ত থাকলে blank দুটিতে Synonym বা near-synonym ব্যবহার করতে হয়।*

*choice, 'ক'-তে আছে,*
*Proliferating – ক্রমবর্ধমান, দ্রুত বর্ধমান, দ্রুত বাড়ছে এমন।*
*Diminishing – ক্রম হ্রাসমান।*
*এরা পরস্পর antonymous*
*'খ'-তে আছে,*
*Undermining – ক্রমশ দুর্বল হচ্ছে এমন*
*Neutratizing – ক্রম নিষ্ক্রিয়মান।*
*এদের অর্থ প্রায় কাছাকাছি।*
*'গ'-তে আছে,*
*Accelerating – বৃদ্ধি পাচ্ছে এমন, দ্রুততর হচ্ছে এমন।*
*Intensifying – বৃদ্ধি পাচ্ছে এমন, তীব্রতর হচ্ছে এমন।*
*এরাও Synonymous.*
*'ঘ'-তে আছে।*
*Aggravating – প্রকোপ বৃদ্ধি পাচ্ছে এমন, শোনীয়তর হচ্ছে এমন।*
*Demolishing – ধ্বংস হয়ে যাচ্ছে এমন।*
*এরা synonymous নয়।*
*আবার, বাক্যটির শেষাংশে বলা হয়েছে, ক্ষমতা ও সম্পদ গুটিকতকের হাতে থাকায় বিষয়টিতে সবারই চিন্তিত হওয়া উচিৎ। অপশন 'খ' নিলে অর্থ উল্টে যায়। কারণ ক্ষমতা ও অর্থ যদি ক্রম নিষ্ক্রিয়মান হয় (গুটিকতক লোকের)। তবে দুশ্চিন্তা করার কিছুই নেই। বরং তাদের ক্ষমতা ও অর্থ ক্রমশ বাড়ছে- যা সবার দুশ্চিন্তার কারণ। সুতরাং সঠিক উত্তর 'গ'।*

**৩২. Few people would care to take the negative side of the proposition that the women of the world are — and —.**

ⓚ admired — provoked ⓖ oppressed — scorned
ⓖ rebuked — regaled ⓖ slighted — celebrated

(ব্যাখ্যা) *And দ্বারা দুটি blank যুক্ত থাকায় অবশ্যই Synoym ব্যবহার করতে হবে।*
*choice, 'ক'-তে আছে,*
*Admire– প্রশংসা করা, বিমুগ্ধ হওয়া।*
*Provoke– অবহেলিত, তাচ্ছিল্য করা হয় এমন।*
*এরা Synonymous.*
*'খ'-তে আছে,*
*Oppressed – নিপিড়ীত, অত্যাচারিত, অবহেলিত।*
*Scorned – অবহেলিত, তাচ্ছিল্য করা।*
*এরা Synonyms*
*'গ'-তে আছে,*
*Rebuked – তিরস্কৃত, ভর্ৎসনা পেয়েছে এমন।*
*Regaled – পরিতৃপ্ত, সুখি, আনন্দিত।*
*এরা antonymous.*
*'ঘ'-তে আছে,*
*Slighted – উপেক্ষিত, অবজ্ঞাকৃত।*
*Celebrated – প্রসিদ্ধ, খ্যাত, শ্রদ্ধা ও সম্মান আছে এমন।*
*এরা Synonymous নয়। সুতরাং সঠিক উত্তর 'খ'।*

**৩৩. Anger, even when it is — has one virtue, it overcomes —.**

ⓚ sinful — sloth ⓖ inevitable — desire
ⓖ unnecessary — malice ⓖ intense — hate

(ব্যাখ্যা) *এ বাক্যে দুটি clause আছে—*
*(১) It is —*
*(২) It overcomes —*
*এরা even when দ্বারা যুক্ত Although/ though/ even though/even when প্রভৃতি দ্বারা দুটি বিপরীত অর্থবোধক ধারণা যুক্ত হয়। সুতরাং শূন্যস্থান দুটোর একটিতে Negative idea এবং অপরটিতে Positive idea ব্যবহার করতে হবে। এক্ষেত্রে ব্যবহৃত শব্দদুটি হবে অর্থগত দিক দিয়ে বিপরীতধর্মী।*
*choice, 'ক'-তে আছে,*
*Sinful – পাপপূর্ণ।*
*Sloth – আলস্য, ঢিলেমি।*
*'খ'-তে আছে,*
*Inevitable – অনতিক্রম্য, অনিবার্য, যা বর্জন করা অসম্ভব।*
*Desire – আকাঙ্ক্ষা, স্বপ্ন, আশা।*
*'গ'-তে আছে,*
*Unnecessary – অপ্রয়োজনীয়, অহেতুক, অকারণ।*
*Malice – বিদ্বেষ, অশুভ কামনা।*
*'ঘ'-তে আছে,*
*Intense – তীব্র, উদগ্র, প্রবল।*
*Hate – ঘৃণা।*
*রাগ সর্বদাই 'তীব্র 'ঘ' বা অহেতুক 'গ' নয়। বরং এটি কদাচ পাপপূর্ণ 'ক' এবং অনতিক্রম্য 'খ' কাজেই 'গ' ও 'ঘ' সহজেই বর্জনযোগ্য।*
*আবার, ২য় শূন্যস্থানটির ক্ষেত্রে–*
*Overcome – জয় করা, পরাভূত করা, অর্জন করা। কিন্তু 'আলস্য' কে জয় করা যায় না 'ক' বরং আকাঙ্ক্ষাকে জয়/অর্জন করতে হয় 'খ'। সুতরাং সঠিক উত্তর 'খ'।*

| উত্তর | |
|---|---|
| ৩১ | গ |
| ৩২ | খ |
| ৩৩ | খ |

৩৪. **The word 'dilly dally' means —**
ⓚ to dilute ⓛ wait impatiently
ⓜ repeat ⓝ waste time

৩৫. **The word 'Euphemism' means —**
ⓚ stating one thing like another
ⓛ description of a disagreeable thing by an agreeable name
ⓜ contrast of words is made in the same sentence
ⓝ a statement is made emphatic by overstatement.

(ব্যাখ্যা) *Euphemism – সুভাষণ, রূঢ় শব্দের পরিবর্তে সমার্থক সুন্দর শব্দ/শব্দগুচ্ছ ব্যবহার। এ অর্থের সাথে মিল রয়েছে একমাত্র choice 'খ' তে। সুতরাং সঠিক উত্তর 'খ'।*

৩৬. **The passive form of the sentence 'some children were helping the wounded man'—**
ⓚ The wounded man was helped by some children
ⓛ The wounded man was helping some children
ⓜ The wounded man was being helped by some children
ⓝ The wounded man was to be helped by some children

Rumor is the most primitive way of spreading stories— by passing them on from mouth to mouth. But civilized countries in normal times have better sources of news than rumor. They have radio, television and newspapers. In times of stress and confusion, however, rumor emerges and becomes rife. At such times different kinds of news are in competition : the press, television and radio versus the grape vine. Especially do rumors spread when war requires censorship on many important matters. The customary news sources no longer give out enough information. Since the people cannot learn through legitimate channels all that they are anxious to learn, they pick up 'news' wherever they can and when this happens, rumor thrives.

Rumors are often repeated even by those whom do not belive the tales. There is a fascination about them. The reason is that the cleverly designed rumor gives expression to something deep in the hearts of the victims— the fears, suspicions, forbidden hopes, or daydreams which they hesitate to voice directly. Pessimistic rumors about defeat and disasters show that the people who repeat them are worried and anxious. Optimistic rumors about record production or peace soon coming paint to compacency or confidence— and often to overconfidence.

৩৭. **The author is mainly concerned with—**
ⓚ the nature of rumor
ⓛ the fascination of rumors
ⓜ rumor as primitive man's newspaper
ⓝ the breeding places of rumors

৩৮. **The author suggests that rumors usually—**
ⓚ alarm their hearers
ⓛ are hardy in their growth
ⓜ are disheartening
ⓝ can be suppressed by censorship

৩৯. **The author states that during wartime the regular sources of news present only—**
ⓚ optimistic reports
ⓛ pessimistic reports
ⓜ limited information
ⓝ government propaganda

৪০. **Which of the following best describes the author's personal attitude toward rumor?**
ⓚ Excited enthusiasm ⓛ Morbid curiosity
ⓜ Acute indignation ⓝ Philosophical interest

৪১. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয় কোন তারিখ থেকে?**
ⓚ জানুয়ারি ১০, ১৯৭৩ ⓛ ডিসেম্বর ১৬, ১৯৭২
ⓜ নভেম্বর ৪, ১৯৭২ ⓝ অক্টোবর ১১, ১৯৭২

(ব্যাখ্যা) *১৯৭২ সালের ১০ এপ্রিল গণপরিষদের প্রথম অধিবেশন বসে। এ অধিবেশনে ৩৪ সদস্যবিশিষ্ট একটি সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়। এ কমিটির সভাপতি ছিলেন তৎকালীন আইন ও সংসদীয় মন্ত্রী ড. কামাল হোসেন। এ কমিটির দায়িত্ব ছিল সংবিধানের খসড়া প্রণয়ন করা। কমিটি ৭১টি অধিবেশনে মিলিত হয়ে স্বীয় দায়িত্ব পালন করে এবং ১৯৭২ সালের ১২ অক্টোবর গণপরিষদে সংবিধানের খসড়া পেশ করে, যা ৪ নভেম্বর গণপরিষদ কর্তৃক গৃহীত হয় এবং ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর থেকে কার্যকর হয়।*

৪২. **বাংলাদেশে জেলার সংখ্যা কত?**
ⓚ ৩৬টি ⓛ ৫৪টি
ⓜ ৬৪টি ⓝ ৪৪টি

(ব্যাখ্যা) *স্বাধীনতা পরবর্তী সময়ে প্রায় এক দশক বাংলাদেশের জেলার সংখ্যা ছিল ২০টি। সামরিক শাসক লে. জে. হুসেইন মোহাম্মদ এরশাদ ক্ষমতায় আসার পর প্রশাসনিক কাজে গতিশীলতা আনতে ১৯৮৪ সালে জেলার সংখ্যা ৬৪টিতে উন্নীত করে।*

৪৩. **বাংলাদেশের সংসদীয় ব্যবস্থা সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে পুনঃপ্রবর্তিত হয়?**
ⓚ অষ্টম ⓛ নবম
ⓜ একাদশ ⓝ দ্বাদশ

উত্তর

| | |
|---|---|
| ৩৪ | ঘ |
| ৩৫ | খ |
| ৩৬ | গ |
| ৩৭ | ক |
| ৩৮ | খ |
| ৩৯ | গ |
| ৪০ | গ |
| ৪১ | খ |
| ৪২ | গ |
| ৪৩ | ঘ |

(ব্যাখ্যা) ১৯৯১ সালের ১৮ সেপ্টেম্বর রাষ্ট্রপতির অনুমোদন লাভের মাধ্যমে বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে প্রবর্তিত হয় নতুন সরকার পদ্ধতি প্রক্রিয়াকরণের কার্যকরী অধ্যায়। তৎকালীন সংসদ নেত্রী বেগম খালেদা জিয়া কর্তৃক ২ জুলাই '৯১ জাতীয় সংসদে সংসদীয় পদ্ধতির সরকার প্রবর্তন বিল উত্থাপিত হলে বিনা ভোটাভুটিতে ৬ আগস্ট ১৯৯১ সংসদ কর্তৃক গৃহীত হয় এবং সংসদীয় পর্যায়ক্রমিক ধারা অতিবাহিত করে ১৮ সেপ্টেম্বর প্রেসিডেন্টের অনুমোদন লাভের মাধ্যমে বিলটি আইনে পরিণত হয়। অষ্টম সংশোধনীর মাধ্যমে রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতিদান এবং ঢাকার বাইরে ৬টি জেলায় হাইকোর্টের স্থায়ী বেঞ্চ স্থাপন করা হয়। নবম সংশোধনীর মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচনের সাথে একই সময়ে উপরাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠান করা, রাষ্ট্রপতি পদে কোনো ব্যক্তিকে পর পর দু মেয়াদে সীমাবদ্ধ রাখা হয় এবং একাদশ সংশোধনীর মাধ্যমে অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের স্বপদে ফিরে যাওয়ার বিধান করা হয়।

**৪৪. বাংলায় ফরায়েজী আন্দোলনের সূচনাকারী কে?**

ⓚ তিতুমীর ⓚⓗ হাজী মোহাম্মদ মহসীন
ⓖ হাজী শরীয়তউল্লাহ ⓘ হাজী মোহাম্মদ দানেশ

(ব্যাখ্যা) মুসলমানদের ফরজ কাজসমূহ পালনে উদ্বুদ্ধ করার আন্দোলনই ফরায়েজী আন্দোলন, যার নেতৃত্ব দেন হাজী শরীয়তউল্লাহ। তার মৃত্যুর পর ফরায়েজী আন্দোলনের নেতৃত্ব দেন তার একমাত্র পুত্র দুদু মিয়া।

**৪৫. বাংলার প্রাচীনতম জায়গা কোনটি?**

ⓚ সোনারগাঁও ⓚⓗ বিক্রমপুর
ⓖ পুণ্ড্র ⓘ গোপালগঞ্জ

(ব্যাখ্যা) প্রাচীন যুগে বাংলায় অখণ্ড কোনো রাজ্য ছিল না। ভিন্ন ভিন্ন নামে খণ্ডে খণ্ডে বিভিন্ন জনপদে বিভক্ত ছিল সমগ্র বাংলা। বাংলার প্রাচীনতম জনপদ বগুড়া জেলায় অবস্থিত, যার নাম মহাস্থানগড় (পুণ্ড্রনগর)। বগুড়া শহর থেকে ১০ কিমি উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে এর অবস্থান। ১৮৭৯ সালে প্রত্নতত্ত্ববিদ স্যার আলেকজান্ডার কানিংহাম এ নগর সভ্যতার ধ্বংসাবশেষ শনাক্ত করেন। অন্যদিকে, নারায়ণগঞ্জ জেলায় অবস্থিত সোনারগাঁও (সুবর্ণগ্রাম) ছিল বাংলার স্বাধীন শাসক ঈশা খাঁর রাজধানী, যেখান থেকেই শেরশাহের ঐতিহাসিক গ্র্যান্ড ট্রাংক রোড শুরু হয়।

**৪৬. মুজিবনগর কোথায় অবস্থিত?**

ⓚ সাতক্ষীরায় ⓚⓗ মেহেরপুরে
ⓖ চুয়াডাঙ্গায় ⓘ নবাবগঞ্জে

(ব্যাখ্যা) মুজিবনগর খুলনা বিভাগের মেহেরপুর জেলায় অবস্থিত। এখানেই ১৯৭১ সালের ১৭ এপ্রিল আনুষ্ঠানিকভাবে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' অস্থায়ীভাবে শপথ গ্রহণ করে। উল্লেখ্য, বৈদ্যনাথতলা ইউনিয়নের ভবেরপাড়া গ্রামের নাম পরিবর্তন করেই মুজিবনগর রাখা হয়।

**৪৭. ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনী ঢাকার কোথায় আত্মসমর্পণ করে?**

ⓚ রমনা পার্কে
ⓚⓗ পল্টন ময়দানে
ⓖ তৎকালীন রেসকোর্স ময়দানে
ⓘ ঢাকা ক্যান্টনমেন্টে

(ব্যাখ্যা) ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাক বাহিনী ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে মিত্র বাহিনীর ভারতীয় পূর্বাঞ্চলীয় কমান্ডের অধিনায়ক লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরার কাছে আত্মসমর্পণ করে। এ রেসকোর্স ময়দানেই শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ দেন। উল্লেখ্য, রেসকোর্স ময়দানের বর্তমান নাম সোহরাওয়ার্দী উদ্যান।

**৪৮. বাংলাদেশে কোনো ব্যক্তির ভোটাধিকার প্রাপ্তির ন্যূনতম বয়স কত?**

ⓚ ১৬ বছর ⓚⓗ ১৮ বছর
ⓖ ২০ বছর ⓘ ২১ বছর

(ব্যাখ্যা) বাংলাদেশের সংবিধানের ১২২(২) অনুচ্ছেদের (খ)-তে বলা হয়েছে 'কোন ব্যক্তি সংসদের নির্বাচনের জন্য নির্ধারিত কোন নির্বাচনী এলাকায় ভোটার তালিকাভুক্ত হইবার অধিকারী হইবেন, যদি তাহার বয়স আঠার বৎসরের কম না হয়।'

**৪৯. বাংলাদেশের জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনের সংখ্যা কত?**

ⓚ ২০ ⓚⓗ ২৫
ⓖ ৩০ ⓘ ৪০

[Note : বাংলাদেশের প্রথম জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসন ছিল ১৫টি। দ্বিতীয় জাতীয় সংসদ থেকে তা ৩০টিতে উন্নীত হয়। ১৯৯০ সালে সংরক্ষিত ৩০টি মহিলা আসন আরো ১০ বছরের জন্য বলবৎ করা হয়। সে মেয়াদ শেষ হয়ে গেলে ১৬ মে ২০০৪ অষ্টম জাতীয় সংসদে পাসকৃত সংবিধানের চতুর্দশ সংশোধনীর মাধ্যমে সংরক্ষিত নারী আসন ৪৫-এ উন্নীত করা হয়। সর্বশেষ ৩০ জুন ২০১১ পাস হওয়া সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংরক্ষিত নারী আসন ৫টি বাড়িয়ে ৫০টিতে উন্নীত করা হয়।]

**৫০. বঙ্গবন্ধু সেতুর দৈর্ঘ্য কত?**

ⓚ ৪.৫ কিমি ⓚⓗ ৪.৮ কিমি
ⓖ ৫.২ কিমি ⓘ ৬.২ কিমি

(ব্যাখ্যা) যমুনা নদীর ওপর নির্মিত সেতুর দৈর্ঘ্য ৪.৮ কিমি ও প্রস্থ ১৮.৫ মি.। এ সেতুর স্প্যানের সংখ্যা ৪৯টি এবং পিলার ৫০টি। বিশ্বব্যাংক, এডিবি, জাপান ও বাংলাদেশ সরকারের সহযোগিতায় তৈরি এ সেতুটির নির্মাণ কাজ শুরু হয় ১৯৯৪ সালের ১৬ অক্টোবর এবং উদ্বোধন করা হয় ১৯৯৮ সালের ২৩ জুন।

উত্তর

| | |
|---|---|
| ৪৪ | গ |
| ৪৫ | গ |
| ৪৬ | খ |
| ৪৭ | গ |
| ৪৮ | খ |
| ৪৯ | Note |
| ৫০ | খ |

VisionApps10

Boighar.com

**৫১. বাংলাদেশের প্রথম 'ইপিজেড' কোথায় স্থাপিত হয়?**

ⓚ সাভারে ⓚ চট্টগ্রামে
ⓖ মংলায় ⓖ ঈশ্বরদীতে

(ব্যাখ্যা) *বাংলাদেশের প্রথম ইপিজেড 'চট্টগ্রাম ইপিজেড' ১৯৮৩ সালে চট্টগ্রামের হালিশহরে প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশের দ্বিতীয় ইপিজেড 'ঢাকা ইপিজেড' ঢাকার সাভারে ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশে বর্তমানে সরকারি ইপিজেড-এর সংখ্যা ৮টি এবং বেসরকারি ইপিজেড ১টি। সর্বশেষ ইপিজেড হলো কর্ণফুলী ইপিজেড। চট্টগ্রামের উত্তর পতেঙ্গায় অবস্থিত এ ইপিজেডটি ২০০৬ সালের ১২ সেপ্টেম্বর থেকে যাত্রা শুরু করে। উল্লেখ্য, ১৯৮০ সালে জাতীয় সংসদে 'বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ আইন' পাসের মাধ্যমে ইপিজেড প্রতিষ্ঠা, ব্যবস্থাপনা ও পরিচালনা সংস্থা 'বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)' আত্মপ্রকাশ করে।*

**৫২. বাংলার ১৯৪৩ সালের দুর্ভিক্ষের ওপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী?**

ⓚ এস এম সুলতান ⓚ জয়নুল আবেদিন
ⓖ কামরুল হাসান ⓖ শফিউল আলম

(ব্যাখ্যা) *১৯৪৩ সালে দুর্ভিক্ষের ওপর জয়নুলের আঁকা ছবির নাম 'ম্যাডোনা ৪৩'। তিনি বাংলাদেশের শ্রেষ্ঠ চিত্রশিল্পী এবং চারুকলা ইনস্টিটিউটের প্রতিষ্ঠাতা। তার উল্লেখযোগ্য চিত্রকর্মের মধ্যে রয়েছে–সংগ্রাম (গরু), ঝড়, মইটানা, গায়ের বধূ, সাঁওতাল রমণী, মা ইত্যাদি।*

**৫৩. পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি কবে সম্পাদিত হয়?**

ⓚ নভেম্বর ১২, ১৯৯৭ ⓚ ডিসেম্বর ২, ১৯৯৭
ⓖ ডিসেম্বর ১৬, ১৯৯৭ ⓖ ডিসেম্বর ২৫, ১৯৯৭

(ব্যাখ্যা) *পাহাড়িদের স্বতন্ত্র জনগোষ্ঠী হিসেবে চিহ্নিত করে সংরক্ষণশীল নীতিভিত্তিক কিছু সুবিধা নিশ্চিত করা হয় ১৯৯৭ সালের ২ ডিসেম্বর সম্পাদিত এ শান্তিচুক্তির মাধ্যমে। চুক্তির কিছু ধারা বাংলাদেশের প্রচলিত বিধি-বিধানের সাথে অসামঞ্জস্য, যদিও সংবিধানে সরকারকে বিশেষ বিধান প্রণয়নের ক্ষমতা দেয়া হয়েছে। এ চুক্তিতে বাংলাদেশ সরকারের পক্ষে স্বাক্ষর করেন আবুল হাসনাত আবদুল্লাহ এবং পাহাড়িদের প্রতিনিধিত্ব করেন সন্তু লারমা।*

**৫৪. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সামরিক সেক্টরে বিভক্ত করা হয়েছিল?**

ⓚ ৯টি ⓚ ১১টি
ⓖ ১৫টি ⓖ ১৭টি

(ব্যাখ্যা) *মুক্তিযুদ্ধ চলাকালীন ৪ এপ্রিল মুক্তিফৌজ নামে মুক্তিবাহিনী গঠিত হয় এবং ৯ এপ্রিল এর নামকরণ করা হয় মুক্তিবাহিনী। পরবর্তীতে জেনারেল এম.এ.জি. ওসমানীকে মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি নিয়োগ দেয়া হলে তিনি বাংলাদেশকে যুদ্ধ পরিচালনার সুবিধার্থে ১১টি সেক্টরে বিভক্ত করেন।*

**৫৫. বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন কত?**

ⓚ ২৪০০ বর্গমাইল ⓚ ১৯৫০ বর্গমাইল
ⓖ ৯২৫ বর্গমাইল ⓖ ২০০ বর্গমাইল

(ব্যাখ্যা) *পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বনভূমি হলো সুন্দরবন। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের এলাকা মিলিয়ে এর আয়তন ১০ হাজার বর্গকিলোমিটার। তবে বাংলাদেশ অংশের আয়তন ৬০১৭ বর্গ কিলোমিটার (তথ্য বন অধিদপ্তর)। সুন্দরবনের উত্তরে সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাটের লোকালয়; দক্ষিণে বঙ্গোপসাগর; পূর্বে বরিশালের বালেশ্বর নদী এবং পশ্চিমে রায়মঙ্গল ও হাড়িয়াভাঙ্গা নদী। উল্লেখ্য, ইউনেস্কোর বিশ্বসম্পদ ও ঐতিহ্য কমিটি ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর সুন্দরবনকে ৭৯৮তম 'বিশ্ব ঐতিহ্য' হিসেবে ঘোষণা করে।*

**৫৬. বাংলাদেশ কোন সালে কমনওয়েলথ-এর সদস্যপদ লাভ করে?**

ⓚ ১৯৭২ সালে ⓚ ১৯৭৩ সালে
ⓖ ১৯৭৪ সালে ⓖ ১৯৭৫ সালে

(ব্যাখ্যা) *বাংলাদেশ ১৯৭২ সালের ১৮ এপ্রিল প্রথম আন্তর্জাতিক সংস্থা হিসেবে কমনওয়েলথের সদস্যপদ লাভ করে। বাংলাদেশ কমনওয়েলথের ৩২তম সদস্য। উল্লেখ্য, ১৯৭২ সালে বাংলাদেশ আরো যেসব সংস্থার সদস্য পদ লাভ করে সেগুলো হলো ILO, IMF, FAO, UNCTAD, WHO, UNESCO, IDA, IBRD ইত্যাদি। ১৯৭৩ সালে বাংলাদেশ সদস্য হয় UPU, ITU, WMO, IUTO ইত্যাদি সংস্থার এবং ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর বাংলাদেশ সদস্য হয় জাতিসংঘের।*

**৫৭. নিম্নলিখিত কোনটির ওপর বাংলাদেশ অবস্থিত?**

ⓚ ট্রপিক অব ক্যাপ্রিকর্ন ⓚ ট্রপিক অব ক্যানসার
ⓖ ইকুয়েটর ⓖ আর্কটিক সার্কেল

(ব্যাখ্যা) *ট্রপিক অব ক্যান্সারের বাংলা প্রতিশব্দ হলো কর্কটক্রান্তি রেখা এবং ট্রপিক অব ক্যাপ্রিকর্ন হলো মকরক্রান্তি রেখা। কর্কটক্রান্তি রেখা উত্তর গোলার্ধে ২৩.৫ উত্তর অক্ষাংশে অবস্থিত এবং এটি বাংলাদেশের মধ্যভাগ দিয়ে চলে গেছে।*

**৫৮. মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীরউত্তম খেতাবে ভূষিত করা হয়?**

ⓚ ৪২ জন ⓚ ৫৮ জন
ⓖ ৬৮ জন ⓖ ৬২ জন

(ব্যাখ্যা) *মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৪টি রাষ্ট্রীয় খেতাব প্রদান করা হয় ৬৭৬ জনকে। তার মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন, বীর প্রতীক ৪২৬ জন।*

**৫৯. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের শুরুতে বঙ্গবন্ধু সম্পর্কে এক ব্যক্তি দম্ভোক্তি করে, যা ছিল নিম্নরূপ :**
**'লোকটি এবং তার দল পাকিস্তানের শত্রু, এবার তারা শাস্তি এড়াতে পারবে না।'—এ দম্ভোক্তিকারী ব্যক্তি কে ছিল?**

ⓚ জেনারেল নিয়াজী ⓚ জেনারেল টিক্কা খান
ⓖ জেনারেল ইয়াহিয়া খান ⓖ জেনারেল হামিদ খান

**উত্তর**

| | |
|---|---|
| ৫১ | খ |
| ৫২ | খ |
| ৫৩ | খ |
| ৫৪ | খ |
| ৫৫ | ক |
| ৫৬ | ক |
| ৫৭ | খ |
| ৫৮ | গ |
| ৫৯ | গ |

www.boighar.com
VisionApps10

ব্যাখ্যা *জেনারেল ইয়াহিয়া খান ছিলেন সামরিক শাসক ও পাকিস্তানি প্রেসিডেন্ট। পাকিস্তানের প্রথম সামরিক শাসক জেনারেল আইয়ুব খান ১৯৬৯ সালের ২৪ মার্চ ইয়াহিয়া খানের হাতে ক্ষমতা তুলে দিয়ে পতদ্যাগ করেন। জেনারেল টিক্কাখান পাকিস্তান আমলে ১৯৭১ সালে বাংলার গভর্নর হিসেবে দায়িত্ব পালন করেন।*

৬০. 'যুদ্ধই জীবন, যুদ্ধই সর্বজনীন' —এটি কার উক্তি?
ক সালজার খ ফ্রাঙ্কো
গ হিটলার ঘ মুসোলিনী

৬১. এশিয়ার দীর্ঘতম নদ কোনটি?
ক হোয়াংহো খ ইয়াংসিকিয়াং
গ গঙ্গা ঘ সিন্ধু

ব্যাখ্যা *এশিয়ার দীর্ঘতম নদী ইয়াংসিকিয়াং। ইয়াংসিকিয়াং-এর দৈর্ঘ্য ৬,৩৮০ কিমি, হোয়াংহো-এর দৈর্ঘ্য ৫,৪৬৪ কিমি, গঙ্গার দৈর্ঘ্য ২,৬৫৫ কিমি, সিন্ধু-এর দৈর্ঘ্য ৩,১৮০ কিমি।*

৬২. ঢাকাতে সমাপ্ত উইলস ইন্টারন্যাশনাল কাপ ক্রিকেট প্রতিযোগিতায় কয়টি দল অংশ নেয়?
ক ৭টি খ ৯টি
গ ১১টি ঘ ১২টি

ব্যাখ্যা *মিনি বিশ্বকাপ খ্যাত উইলস ইন্টারন্যাশনাল কাপ ক্রিকেটের প্রথম আসরে তৎকালীন ৯টি টেস্ট দল— অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ, নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও জিম্বাবুয়ে অংশ নেয়।*

৬৩. আমলাতন্ত্রের প্রধান প্রবক্তা কে?
ক এফ. এম. মার্কস খ ম্যাক্সওয়েবার
গ রবার্ট প্রেসথাস ঘ কার্ল মার্কস

ব্যাখ্যা *নির্বাচিত জনপ্রতিনিধিদের ব্যর্থতা বা অযোগ্যতার প্রেক্ষিতে সরকারের আমলাদের দ্বারা পরোক্ষভাবে রাষ্ট্র চালনাকে আমলাতন্ত্র বলে। এ আমলাতন্ত্রের প্রধান প্রবক্তা ম্যাক্সওয়েবার। অন্যদিকে কার্ল মার্কসকে বলা হয় কমিউনিজম বা গণসাম্যবাদের প্রবক্তা।*

৬৪. সাহিত্যে ১৯৯৮-এর নোবেল পুরস্কার কে পেয়েছেন?
ক অরুন্ধতি রায় খ সালমান রুশদী
গ ভি এস নাইপল ঘ হোসে সারামাগো

ব্যাখ্যা *পর্তুগিজ সাহিত্যিক হোসে সারামাগো ১৯৯৮ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। অন্যদিকে ভারতীয় বংশোদ্ভূত ত্রিনিদাদীয় নাগরিক ভি এস নাইপল ২০০১ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। অরুন্ধতি রায় ও সালমান রুশদী নোবেল পুরস্কার পাননি। আমেরিকান সংগীত ঐতিহ্যে নতুন কাব্যিক অভিব্যক্তি প্রবর্তনের জন্য ২০১৭ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন জাপানি বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক কাজুও ইশিগুরো। উল্লেখ্য, নোবেল সাহিত্য পুরস্কার ঘোষণাকারী প্রতিষ্ঠান সুইডিশ একাডেমির সদস্যদের যৌন ও আর্থিক কেলেঙ্কারির অভিযোগে ৪ মে ২০১৮ স্থগিত করা হয় ২০১৮ সালের নোবেল সাহিত্য পুরস্কার, যা ২০১৯ সালের পুরস্কারের সাথে প্রদান করা হবে।*

৬৫. কোন দেশটি অতীতে কখনো অন্য কোনো দেশের উপনিবেশে পরিণত হয়নি?
ক থাইল্যান্ড খ মিয়ানমার
গ ইন্দোনেশিয়া ঘ মালয়েশিয়া

ব্যাখ্যা *পূর্ব এশিয়ার দেশ থাইল্যান্ড কোনো দেশের উপনিবেশে পরিণত হয়নি। পূর্ব এশিয়ার দেশগুলোর মধ্যে মিয়ানমার, মালয়েশিয়া ও সিঙ্গাপুর ব্রিটিশ উপনিবেশে এবং ইন্দোনেশিয়া ডাচ উপনিবেশের অন্তর্ভুক্ত ছিল।*

৬৬. ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ)-এর একক মুদ্রা কবে থেকে চালু হচ্ছে?
ক ১ জানুয়ারি, ১৯৯৯ খ ১ জুলাই, ১৯৯৯
গ ১ মার্চ, ২০০০ ঘ ১ জুলাই, ২০০০

ব্যাখ্যা *ইউরোপীয় সাধারণ মুদ্রা 'ইউরো' প্রথম চালু হয় ১৯৯৯ সালের ১ জানুয়ারি। বর্তমানে ইইউভুক্ত ১৯টি দেশে ইউরো মুদ্রা চালু রয়েছে। উল্লেখ্য, 'ইউরো ব্যাংক নোট' প্রথম চালু হয় ১ জানুয়ারি ২০০২।*

৬৭. চীনের 'দ্বৈত অর্থনীতির' ধারণা প্রধানত কোন বাস্তবতার নিরীখে গৃহীত?
ক বাজার অর্থনীতিকে গ্রহণযোগ্য করা
খ মতাদর্শগত ধারণার সমন্বয় সাধন
গ হংকং-এর অর্থনীতিকে সচল রাখা
ঘ তাইওয়ানকে চীনের অন্তর্ভুক্তকরণ

ব্যাখ্যা *চীনের সমাজতান্ত্রিক অর্থনীতি এবং হংকং-এর পুঁজিবাদী অর্থনীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে চীনে দ্বৈত অর্থনীতি অর্থাৎ এক দেশ দুই নীতি চালু হয়। এছাড়া ম্যাকাও ও তাইওয়ানের একত্রীকরণকে সামনে রেখেও এ প্রক্রিয়াটিকে গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হয়।*

৬৮. রাশিয়ার পূর্বাঞ্চলের সর্ববৃহৎ শহর কোনটি?
ক সাইবেরিয়া খ ভ্লাদিভস্টক
গ খায়বারভস্ক ঘ বোখারা

ব্যাখ্যা *রাশিয়ার পূর্বাঞ্চলীয় সর্ববৃহৎ শহর ভ্লাদিভস্টকে রাশিয়ার রাসায়নিক ও পারমাণবিক গবেষণা কেন্দ্র রয়েছে। এজন্য নিরাপত্তার কারণে শহরটিকে গোপনীয় শহর হিসেবে বিবেচনা করা হয়। উল্লেখ্য, শহরটি হতে পৃথিবীর দীর্ঘতম রেলপথ ট্রান্সসাইবেরিয়ান রেলপথ শুরু হয়ে লেনিনগ্রাড পর্যন্ত বিস্তৃত।*

৬৯. কানাডার ফরাসি ভাষী জনগোষ্ঠী কোন অঙ্গরাজ্যে সর্বাধিক বাস করে?
ক আলবার্টা খ কুইবেক
গ মেনিটোবা ঘ নোভাস্কোশিয়া

ব্যাখ্যা *কানাডার ফরাসি ভাষী জনগোষ্ঠী সর্বাধিক সংখ্যায় বাস করে কানাডার পূর্বাঞ্চলীয় অঙ্গরাজ্য কুইবেক-এ।*

৭০. কসোভো নগরীর সাথে সার্বীয়দের স্পর্শকাতর সম্পর্কের কারণ কি?
ক এর রণকৌশলগত গুরুত্ব
খ এর ধর্মীয় ঐতিহ্য ও ঐতিহাসিক স্মৃতি
গ মুসলিম বিদ্বেষের প্রবণতা
ঘ আলেবেনীয়দের ঔদ্ধত্য

উত্তর

| | |
|---|---|
| ৬০ | গ |
| ৬১ | খ |
| ৬২ | খ |
| ৬৩ | খ |
| ৬৪ | ঘ |
| ৬৫ | ক |
| ৬৬ | ক |
| ৬৭ | গ |
| ৬৮ | খ |
| ৬৯ | খ |
| ৭০ | খ |

ব্যাখ্যা কট্টরপন্থী সার্বগণ কসোভোতে মুসলিম নিধন করে নগরীটিতে সংখ্যাগরিষ্ঠ খ্রিষ্টান অধ্যুষিত অঞ্চল প্রতিষ্ঠা করার চেষ্টা করে। অন্যদিকে মুসলমানরা তাদের ধর্মীয় ঐতিহ্য ও ঐতিহাসিক স্মৃতি রক্ষায় সদা সচেষ্ট। ফলে ইউরোপের অন্যতম মুসলিম প্রধান এ নগরীটির সাথে সার্বীয়দের স্পর্শকাতর সম্পর্কের সৃষ্টি হয়। অবশেষে ২০০৮ সালের ১৭ ফেব্রুয়ারি কসোভো বিশ্বের বেশ কয়েকটি দেশের সমর্থনে সার্বিয়া থেকে নিজেকে স্বাধীন ঘোষণা করে।

৭১. আফগানিস্তানের কোন শহরে তালিবানরা ইরানের কূটনীতিবিদদের হত্যা করেছে?

ⓚ মাজার-ই-শরীফ ⓚ হেরাট
ⓖ জালালাবাদ ⓖ কান্দাহার

ব্যাখ্যা আফগানিস্তানের উত্তরাঞ্চলীয় শহর মাজার-ই-শরীফে তালেবানদের ক্ষমতায় থাকাকালীন সময়ে এ হত্যাযজ্ঞ ঘটে। যদিও সুদক্ষ ইরানি নেতৃত্বের মাধ্যমে ইরান দুদেশের মধ্যে সৃষ্ট উত্তেজনা প্রশমনে সক্ষম হয়।

৭২. উত্তর আফ্রিকার দেশগুলোর ভৌগোলিক সীমারেখার বৈশিষ্ট্য কি?

ⓚ জ্যামিতিক সীমারেখা ⓚ ঔপনিবেশিক সীমারেখা
ⓖ উপজাতিভিত্তিক সীমারেখা ⓖ অচিহ্নিত সীমারেখা

ব্যাখ্যা আলজেরিয়া, তিউনিশিয়া, মিশর, সুদান, লিবিয়া ইত্যাদি দেশগুলো উত্তর আফ্রিকা অঞ্চলে অবস্থিত। বিস্তীর্ণ এ অঞ্চলে বৈশিষ্ট্যমণ্ডিত পর্বত বা নদী না থাকায় মরুভূমির ওপর দিয়ে জ্যামিতিক সরলরেখা টেনে সীমা নির্ধারণ করা হয়। এটাই এ অঞ্চলের ভৌগোলিক সীমারেখার প্রধান বৈশিষ্ট্য।

৭৩. কোন দেশে প্রথম আণবিক বোমা ফেলা হয়?

ⓚ ইতালি ⓚ জার্মানি ⓖ জাপান ⓖ চীন

ব্যাখ্যা বিশ্বের প্রথম আণবিক বোমা (পারমাণবিক বোমা বা অ্যাটম বোমা) ফেলা হয় জাপানের হিরোশিমা নগরীতে। 'লিটল বয়' নামক এ বোমাটি ১৯৪৫ সালের ৬ আগস্ট যুক্তরাষ্ট্র 'এ নোলা গে' নামক বোমারু বিমানের মাধ্যমে নিক্ষেপ করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন নিক্ষিপ্ত এ বোমার ব্যাপক ধ্বংসাত্মক ক্ষমতাই মূলত জাপানের পতন ত্বরান্বিত করে। উল্লেখ্য, বিশ্বের দ্বিতীয় এবং সর্বশেষ আণবিক বোমা 'ফ্যাটম্যান' ১৯৪৫ সালের ৯ আগস্ট যুক্তরাষ্ট্র কর্তৃক জাপানের নাগাসাকি নগরীতে নিক্ষিপ্ত হয়।

৭৪. নিম্নলিখিত কোন আঞ্চলিক/আন্তর্জাতিক প্রতিষ্ঠানটির সদর দপ্তর ঢাকায় অবস্থিত?

ⓚ SAARC ⓚ APEC ⓖ ADB ⓖ CIRDAP

ব্যাখ্যা ঢাকায় CIRDAP, IJSG এবং BIMSTEC-এর সদর দপ্তর অবস্থিত। অন্যদিকে ADB-এর সদর দপ্তর ম্যানিলা, APEC-এর সদর দপ্তর সিঙ্গাপুর এবং SAARC-এর সদর দপ্তর কাঠমান্ডুতে অবস্থিত।

৭৫. সার্ক কোন বছর প্রতিষ্ঠিত হয়?

ⓚ ১৯৭৫ সালে ⓚ ১৯৮৫ সালে
ⓖ ১৯৮৭ সালে ⓖ ১৯৯০ সালে

ব্যাখ্যা বাংলাদেশের তৎকালীন প্রেসিডেন্ট জিয়াউর রহমান শ্রীলঙ্কা সফরে গিয়ে সর্বপ্রথম দক্ষিণ এশিয়ার দেশগুলো নিয়ে একটি আঞ্চলিক সংস্থা গঠনের প্রতি গুরুত্বারোপ করেন এবং ১৯৮০ সালের মে মাসে তিনি লিখিত প্রস্তাব দেন। ১৯৮২ সালের ২ আগস্ট ভারতের নয়াদিল্লিতে ৭টি দেশের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে প্রথম আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়। অবশেষে ১৯৮৫ সালের ৭-৮ ডিসেম্বর ঢাকায় অনুষ্ঠিত প্রথম সার্ক শীর্ষ সম্মেলনে ১৪ দফা ঢাকা ঘোষণার মধ্য দিয়ে সার্কের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

৭৬. কোন দেশের একজন উপ-প্রধানমন্ত্রী সম্প্রতি বরখাস্ত হয়েছেন?

ⓚ সিঙ্গাপুর ⓚ থাইল্যান্ড
ⓖ ইন্দোনেশিয়া ⓖ মালয়েশিয়া

ব্যাখ্যা এক সময় মাহাথির মোহাম্মদের খুব ঘনিষ্ঠ অনুসারী ছিলেন আনোয়ার ইব্রাহিম। কিন্তু রাজনৈতিক মতপার্থক্যের জের ধরে মাহাথির ২ সেপ্টেম্বর ১৯৯৮ উপ-প্রধানমন্ত্রীর পদ থেকে আনোয়ার ইব্রাহিমকে বরখাস্ত করেন। ১৯৯৯ সালে দুর্নীতি ও সমকামিতার দায়ে তাকে জেলহাজতে প্রেরণ করা হয়। ২০০৪ সালে তিনি ছাড়া পান। ২০০৮ সালে দেশের প্রধান বিরোধী দল হিসেবে পিপলস' জাস্টিস পার্টির নেতৃত্ব দেন তিনি। এরপর নাজিব রাজাকের সময়ে ২০১৫ সালে নতুন করে সমকামিতার অভিযোগে আনোয়ার ইব্রাহিমকে আবারো জেলে পাঠানো হয়। ১৬ মে ২০১৮ রাজার নির্দেশে নিঃশর্ত মুক্তি লাভ করেন আনোয়ার ইব্রাহিম।

৭৭. ইউরোপের কোন দেশে সম্প্রতি জাতিসত্তা সংঘাতের সমস্যাটির সমাপ্তি হয়েছে একটি শান্তি চুক্তির মাধ্যমে?

ⓚ স্কটল্যান্ড ⓚ আয়ারল্যান্ড
ⓖ নেদারল্যান্ড ⓖ সুইজারল্যান্ড

ব্যাখ্যা গ্রেট ব্রিটেনের অন্যতম অঙ্গরাজ্য আয়ারল্যান্ডের গৃহযুদ্ধ অবসানে ১০ এপ্রিল ১৯৯৮ ব্রিটিশ সরকার ও আয়ারল্যান্ডের ৭টি গেরিলা গোষ্ঠীর মধ্যে স্বাক্ষরিত হয় 'Good Friday Treaty' নামক শান্তিচুক্তি। এর মাধ্যমে আয়ারল্যান্ডে দীর্ঘস্থায়ী রক্তক্ষয়ী সংঘর্ষের অবসান ঘটে।

৭৮. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন মহাদেশের?

ⓚ এশিয়া ⓚ আফ্রিকা
ⓖ ইউরোপ ⓖ দক্ষিণ আমেরিকা

ব্যাখ্যা ১৩ অক্টোবর ২০১৬ জাতিসংঘের সাধারণ পরিষদের অনুমোদনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে বিশ্ব সংস্থাটির নবম মহাসচিব নিযুক্ত হন ইউরোপ মহাদেশের পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী অ্যান্টনিও গুতেরেস। তিনি ১ জানুয়ারি ২০১৭ মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। অন্যদিকে এশিয়া মহাদেশ থেকে মহাসচিব হয়েছিলেন উ থান্ট (মিয়ানমার), বান কি মুন (দক্ষিণ কোরিয়া); ইউরোপ মহাদেশ থেকে ট্রাইগভেলাই (নরওয়ে), দ্যাগ হ্যামারশোল্ড (সুইডেন) ও কুর্ট ওয়াল্ডহেইম (অস্ট্রিয়া); দক্ষিণ আমেরিকা মহাদেশ থেকে জ্যাভিয়ার পেরেজ দ্য কুয়েলার (পেরু) এবং আফ্রিকা মহাদেশ থেকে মহাসচিব হয়েছিলেন কফি আনান (ঘানা) ও বুট্রোস বুট্রোস ঘালি (মিশর)। উল্লেখ্য, উত্তর আমেরিকা ও ওশেনিয়া মহাদেশ থেকে এখনও পর্যন্ত মহাসচিব নির্বাচিত হননি।

উত্তর

| | |
|---|---|
| ৭১ | ক |
| ৭২ | ক |
| ৭৩ | গ |
| ৭৪ | ঘ |
| ৭৫ | খ |
| ৭৬ | ঘ |
| ৭৭ | খ |
| ৭৮ | গ |

www.boighar.com

৭৯. 'ম্যাকাও' চীন সাগরে অবস্থিত একটি দ্বীপ যা কিনা একটি ইউরোপীয় দেশের কলোনি। ঐ ইউরোপীয় দেশটির নাম কি?
ⓚ নেদারল্যান্ড ⓚ স্পেন
ⓖ পর্তুগাল ⓖ ইউকে

(ব্যাখ্যা) ১৫৫৭ সালে ম্যাকাও পর্তুগিজদের দখলে আসে। দীর্ঘ ৪৪২ বছর পর ১৯৯৯ সালে ম্যাকাও চীনের নিকট হস্তান্তর করা হয়।

৮০. কোন চুক্তি অনুসারে বসনিয়া সংকট সমাধানের পথ সুগম হয়েছিল?
ⓚ জেনেভা চুক্তি ⓚ মাদ্রিদ চুক্তি
ⓖ ডেটন চুক্তি ⓖ প্যারিস চুক্তি

(ব্যাখ্যা) তিন বছরের বলকান যুদ্ধের অবসান এবং অখণ্ড গণতান্ত্রিক বসনিয়া-হার্জেগোভিনা গঠনের লক্ষ্যে ১৯৯৫ সালের নভেম্বর যুক্তরাষ্ট্রের ওহাইও রাজ্যে ডেটন শহরের রাইট পিটারসন বিমান ঘাঁটিতে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় খসড়া শান্তিচুক্তিতে উপনীত হওয়ার পর ১৪ ডিসেম্বর ১৯৯৫ ফ্রান্সের প্যারিসে যুদ্ধরত বসনিয়া, সার্বিয়া ও ক্রোয়েশিয়ার মধ্যে ডেটন চুক্তি স্বাক্ষরিত হয়। জেনেভা চুক্তি স্বাক্ষরিত হয় ১৯৫৪ সালের ২০ জুলাই সুইজারল্যান্ডের জেনেভা শহরে ফ্রান্স ও ভিয়েতনামের মধ্যে। চুক্তিটি দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী ভিয়েতনাম ও ফ্রান্সের মধ্যকার সংঘটিত যুদ্ধ অবসানে স্বাক্ষরিত হয়। মাদ্রিদ চুক্তিটি পণ্যের উৎস বর্ণনার ক্ষেত্রে ভূঁয়া বা প্রতারণামূলক ইঙ্গিত রোধে বিশ্ববুদ্ধিবৃত্তিক সম্পত্তি সংস্থা (WIPO)-এর আওতায় স্বাক্ষরিত হয়। প্যারিস চুক্তিটি ব্রিটেন কর্তৃক যুক্তরাষ্ট্রের সার্বভৌমত্ব স্বীকার করে নেয়ার লক্ষ্যে ৩ সেপ্টেম্বর ১৭৮৩ সালে ফ্রান্সের রাজধানী প্যারিসে স্বাক্ষরিত হয়।

৮১. কোনটি তেজস্ক্রিয় পদার্থ নয়?
ⓚ লৌহ ⓚ ইউরেনিয়াম
ⓖ প্লুটোনিয়াম ⓖ নেপচুনিয়াম

(ব্যাখ্যা) ভারী মৌলিক পদার্থের নিউক্লিয়াস থেকে স্বতঃস্ফূর্তভাবে অবিরত আলফা, বিটা ও গামা রশ্মি নির্গমনের প্রক্রিয়াকে তেজস্ক্রিয়তা বলে। প্রকৃতপক্ষে যেসব মৌলের পারমাণবিক সংখ্যা ৮২-এর চেয়ে বেশি তাদেরকে তেজস্ক্রিয় পদার্থ বলা হয়। উপরিউক্ত মৌলগুলোর মধ্যে লৌহের পারমাণবিক সংখ্যা ২৬, অন্যগুলোর ৮২ বা তার বেশি, যার ফলে শুধু লৌহই তেজস্ক্রিয় পদার্থ নয়।

৮২. কোন বস্তুটির স্থিতিস্থাপকতা বেশি?
ⓚ রবার ⓚ এলুমিনিয়াম
ⓖ লৌহ ⓖ তামা

(ব্যাখ্যা) বাইরে থেকে প্রযুক্ত বল অপসারিত হলে বিকৃত বস্তু যে ধর্মের ফলে তার পূর্বের অবস্থায় ফিরে আসে, তাকে স্থিতিস্থাপকতা বলে এবং উক্ত বস্তুটিকে স্থিতিস্থাপক বস্তু বলে। যেসব বস্তুর ক্ষেত্রে পীড়ন এবং বিকৃতির অনুপাত বেশি অর্থাৎ স্থিতিস্থাপক গুণাঙ্কের মান বেশি সেসব বস্তু বেশি স্থিতিস্থাপক। আর যেসব বস্তুর ক্ষেত্রে পীড়ন এবং বিকৃতির অনুপাত কম, অর্থাৎ স্থিতিস্থাপক গুণাঙ্কের মান কম সেসব বস্তু কম স্থিতিস্থাপক। লৌহের ক্ষেত্রে অধিক পীড়ন দেয়া সত্ত্বেও বিকৃতির মান যৎসামান্য হয়। কিন্তু রবার, এলুমিনিয়াম ও তামার ক্ষেত্রে অল্প পীড়ন দিলেই বিকৃতির মান অনেক বেশি হয়। সুতরাং রবার, এলুমিনিয়াম ও তামার ক্ষেত্রে পীড়ন ও বিকৃতির অনুপাত তুলনামুলকভাবে অনেক কম। অতএব, রবার, এলুমিনিয়াম ও তামা অপেক্ষা লৌহ বেশি স্থিতিস্থাপক।

৮৩. কোন পদার্থটি চৌম্বক পদার্থ নয়?
ⓚ কাঁচা লৌহ ⓚ ইস্পাত
ⓖ এলুমিনিয়াম ⓖ কোবাল্ট

(ব্যাখ্যা) যে পদার্থকে চুম্বক আকর্ষণ করে না তাকে অচৌম্বক পদার্থ বলা হয়। উপরিউক্ত পদার্থগুলোর মধ্যে শুধু এলুমিনিয়ামকেই চুম্বক আকর্ষণ করে না।

৮৪. যে মসৃণতলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে কি বলে?
ⓚ দর্পণ ⓚ লেন্স
ⓖ প্রিজম ⓖ বিম্ব

(ব্যাখ্যা) কোনো মসৃণতলে আলো আপতিত হয়ে নির্দিষ্ট নিয়ম অনুযায়ী কোনো দিকে চললে ঐ আপতন তলকে বলা হয় দর্পণ। বক্রপৃষ্ঠ স্বচ্ছ মাধ্যমের সাধারণ নাম লেন্স। লেন্সে আলোক রশ্মির প্রতিসরণ ঘটে। প্রিজমের মাধ্যমে আলোর প্রতিসরণ একটা বিশেষ রূপ পেয়ে থাকে। সাদা আলো এর ভিতর দিয়ে বেরিয়ে আসার সময় বিভিন্ন রশ্মিতে ভেঙে যায় ও বর্ণালি সৃষ্টি করে এবং বিম্ব হলো আলোর প্রতিফলন/প্রতিসরণের পর রশ্মির একীভূতকরণ বিন্দু বা অবস্থা।

৮৫. রাডারে যে তড়িৎ চৌম্বক ব্যবহার করা হয় তার নাম কি?
ⓚ গামা রশ্মি ⓚ মাইক্রোওয়েভ
ⓖ অবলোহিত বিকিরণ ⓖ আলোক তরঙ্গ

(ব্যাখ্যা) রাডারের মূলনীতি হলো ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের পালস ছড়িয়ে দেয়া হয় যেন বস্তু থেকে প্রতিফলিত হয়ে রাডারের গ্রাহক যন্ত্রে আসে। এ জন্য গামা রশ্মি বা মাইক্রোওয়েভ উভয়ের তরঙ্গ দৈর্ঘ্য ক্ষুদ্র হলেও কম ভেদন ক্ষমতাসম্পন্ন মাইক্রোওয়েভই ব্যবহার করা হয়। অপরপক্ষে অবলোহিত বিকিরণ ও আলোক তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য বেশ বড়।

৮৬. মহাজাগতিক রশ্মি আবিষ্কার করে কোন বিজ্ঞানী নোবেল পুরস্কার পান?
ⓚ হেস ⓚ গোল্ডস্টাইন
ⓖ রাদারফোর্ড ⓖ আইনস্টাইন

উত্তর

| | |
|---|---|
| ৭৯ | গ |
| ৮০ | গ |
| ৮১ | ক |
| ৮২ | গ |
| ৮৩ | গ |
| ৮৪ | ক |
| ৮৫ | খ |
| ৮৬ | ক |

(ব্যাখ্যা) আইনস্টাইন আপেক্ষিক তথ্য ও রাদারফোর্ড আণবিক নিউক্লিয়াসের মতবাদ আবিষ্কার করেন। ভিক্টর ফ্রানৎস্ হেস্ মহাজাগতিক রশ্মি আবিষ্কারের জন্য ১৯৩৬ সালে পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পান। পৃথিবীর সবদিকে মহাশূন্য থেকে ইলেকট্রন, প্রোটন ও কয়েকটি পরমাণুর নিউক্লিয়াস আলোর বেগের কাছাকাছি বেগে পৃথিবীতে আঘাত হানে, এদেরকে মহাজাগতিক রশ্মি বলে।

**৮৭. তড়িৎশক্তি শব্দশক্তিতে রূপান্তরিত হয় কোন যন্ত্রের মাধ্যমে?**

ⓚ এমপ্লিফায়ার ⓛ জেনারেটর
ⓜ লাউড স্পিকার ⓝ মাইক্রোফোন

(ব্যাখ্যা) 'এমপ্লিফায়ার' বা বিবর্ধক শব্দশক্তিকে জোরালো করে। জেনারেটর যান্ত্রিকশক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত করে। লাউড স্পিকার তড়িৎশক্তিকে শব্দশক্তিতে রূপান্তরিত করে এবং মাইক্রোফোন শব্দতরঙ্গকে বিদ্যুৎ প্রবাহে পরিণত করে।

**৮৮. সমুদ্রের গভীরতা মাপা হয় কোন যন্ত্র দিয়ে?**

ⓚ ফ্যাদোমিটার ⓛ জাইরো কম্পাস
ⓜ সাবমেরিন ⓝ এনিওমিটার

(ব্যাখ্যা) পানির গভীরতা মাপার যান্ত্রিক সরঞ্জাম ফ্যাদোমিটার। এ যন্ত্রের কার্যকারিতা শব্দের প্রতিধ্বনির ওপর নির্ভরশীল। ধ্বনির উৎপত্তি থেকে ফিরে আসা প্রতিধ্বনির সময়ের পার্থক্য থেকে গভীরতা নির্ণয় করা হয়। জাইরোস্কোপের দিকদর্শী ধর্মকে ব্যবহার করে জাইরো কম্পাস তৈরি করা হয়েছে। জাহাজের দিক নির্ণয় ও সমরক্ষেত্রে এর ব্যবহার রয়েছে এবং সাবমেরিন হচ্ছে সামরিক ডুবোজাহাজ।

**৮৯. কম্পিউটার কে আবিষ্কার করেন?**

ⓚ উইলিয়াম অটরেড ⓛ ব্লেইস প্যাসকেল
ⓜ হাওয়ার্ড এইকিন ⓝ আবাকাস

(ব্যাখ্যা) উইলিয়াম অটরেড আবিষ্কার করেন স্লাইড রুল; প্যাসকেল আবিষ্কার করেন তরল পদার্থের ওপর চাপ প্রয়োগ সংক্রান্ত সূত্র। হাওয়ার্ড অ্যাইকিন প্রথম স্বয়ংক্রিয় গণনা যন্ত্র আবিষ্কার করেন এবং আবাকাস হচ্ছে খ্রিস্টপূর্ব ৪৫০-৫০০ অব্দে চীন/মিশরে ব্যবহৃত এক ধরনের গণনা যন্ত্র।

**৯০. কোন হরমোনের অভাবে ডায়াবেটিস রোগ হয়?**

ⓚ থাইরোক্সিন ⓛ গ্লুকাগন
ⓜ এড্রিনালিন ⓝ ইনসুলিন

(ব্যাখ্যা) হরমোন হচ্ছে একশ্রেণীর রাসায়নিক বস্তু, যা দেহের কোষ বা অঙ্গসমূহের বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণ করে। অগ্ন্যাশয় থেকে নিঃসৃত ইনসুলিন হচ্ছে এমন এক ধরনের হরমোন, যা রক্তে গ্লুকোজের বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণ করে। কোনো কারণে রক্তে ইনসুলিন সরবরাহ কমে গেলে গ্লুকোজের বিপাক ক্রিয়া বিঘ্নিত হয়, যার ফলে ডায়াবেটিস রোগ হয়।

**৯১. বার্ষিক $৪\frac{১}{২}$ % সরল সুদে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা ৮২৬ টাকা হবে?**

ⓚ ৪৫৮ টাকা ⓛ ৬৫০ টাকা
ⓜ ৭০০ টাকা ⓝ ৭২৫ টাকা

(ব্যাখ্যা) ধরি, আসল ১০০ টাকা

১ বছরে সুদ $৪\frac{১}{২}$ টাকা $= \frac{৯}{২}$ টাকা

৪ " $\frac{৯ \times ৪}{২}$ " = ১৮ টাকা

সুদাসল = (১০০+১৮) টাকা = ১১৮ টাকা

সুদাসল ১১৮ টাকা হলে আসল ১০০ টাকা

৮২৬ $\frac{১০০}{১১৮} \times ৮২৬$ = ৭০০ টাকা

**৯২. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?**

ⓚ ৫৬ এবং ১৪ বছর ⓛ ৩২ এবং ৭ বছর
ⓜ ৩৬ এবং ৯ বছর ⓝ ৪০ এবং ১০ বছর

(ব্যাখ্যা) ধরি, পুত্রের বর্তমান বয়স $x$ বছর; পিতার বর্তমান বয়স $৪x$ বছর।

প্রশ্নমতে,

$১০(x - ৬) = ৪x - ৬$

$\Rightarrow x = ৯$

$\therefore$ পিতার বয়স $৪ \times ৯$ = ৩৬ বছর এবং পুত্রের বয়স ৯ বছর।

**৯৩. দুটি নল দ্বারা একটি চৌবাচ্চা ৮ মিনিটে পূর্ণ হয়। নল দুটি খুলে দেয়ার ৪ মিনিট পর প্রথম নলটি বন্ধ করে দেয়াতে চৌবাচ্চাটি পূর্ণ হতে আরো ৬ মিনিট লাগল। প্রত্যেক নল দ্বারা পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ হতে কত সময় লাগবে?**

ⓚ ১৮ এবং ১২ মিনিট ⓛ ২৪ এবং ১২ মিনিট
ⓜ ১৫ এবং ১২ মিনিট ⓝ ১০ এবং ১৫ মিনিট

(ব্যাখ্যা) দুটি নল একত্রে,

৮ মিনিটে পূর্ণ করে ১টি চৌবাচ্চা

৪ " " $= \left(\frac{৪}{৮} \times ১\right)$ অংশ

$= \frac{১}{২}$ অংশ

চৌবাচ্চাটির $\left(১ - \frac{১}{২}\right)$ অংশ খালি থাকে

দ্বিতীয় নল দ্বারা,

$\frac{১}{২}$ অংশ পূর্ণ হয় ৬ মিনিটে

১ (সম্পূর্ণ) " " = (৬ × ২) = ১২ মিনিটে

আবার দ্বিতীয় নল দ্বারা,

৬ মিনিটে পূর্ণ হয় $\frac{১}{২}$ অংশ

৪ " $= \frac{১ \times ৪}{২ \times ৬} = \frac{১}{৩}$ অংশ

উত্তর

| | |
|---|---|
| ৮৭ | গ |
| ৮৮ | ক |
| ৮৯ | গ |
| ৯০ | ঘ |
| ৯১ | গ |
| ৯২ | গ |
| ৯৩ | ঘ |

∴ প্রথম নল দ্বারা ৪ মিনিটে পূর্ণ হয় $= \left(\frac{১}{২} - \frac{১}{৩}\right)$ অংশ

$= \left(\frac{৩-২}{৬}\right)$

$= \frac{১}{৬}$ অংশ

প্রথম নল দ্বারা $\frac{১}{৬}$ অংশ পূর্ণ হয় ৪ মিনিটে

" ১ (সম্পূর্ণ) " " (৪ × ৬) "

= ২৪ মিনিটে

৯৪. $\frac{x}{y}$-এর সঙ্গে কত যোগ করলে যোগফল $\frac{2y}{x}$ হবে?

ⓚ $\frac{2y^2 - x^2}{xy}$ ⓚ্খ $\frac{x^2 - 2y^2}{xy}$

ⓖ $\frac{x^2 - 2y^2}{xy}$ ⓖ্ঘ $\frac{x^2 - y^2}{xy}$

(ব্যাখ্যা)
উভয় রাশির বিয়োগফলই হবে কাঙ্ক্ষিত উত্তর

$\therefore \frac{2y}{x} - \frac{x}{y} = \frac{2y^2 - x^2}{xy}$

৯৫. $x^2 + y^2 = ৮$ এবং $xy = ৭$ হলে $(x + y)^2$ এর মান কত?

ক ১৪ খ ১৬

গ ২২ ঘ ৩০

(ব্যাখ্যা) $(x + y)^2 = x^2 + ২xy + y^2$

$= x^2 + y^2 + ২xy$

$= ৮ + ২ \times ৭$ [মান বসিয়ে]

$= ৮ + ১৪ = ২২$

৯৬. ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব ৩০০ কিমি। ঢাকা হতে একটি ট্রেন সকাল ৭টায় ছেড়ে গিয়ে বিকেল ৩টায় চট্টগ্রাম পৌঁছে। ট্রেনটির গড় গতিবেগ ঘন্টায় কত ছিল?

ক ২৪.৫ কিমি খ ৩৭.৫ কিমি

গ ৪২.০ কিমি ঘ ৪৫.০ কিমি

(ব্যাখ্যা) সকাল ৭ টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মধ্যবর্তী সময়ের পার্থক্য ৮ ঘন্টা।

ট্রেনের গড় গতিবেগ $= \frac{\text{মোট অতিক্রান্ত দূরত্ব}}{\text{মোট ব্যয়িত সময়}}$

$= \frac{৩০০}{৮}$ কি.মি. = ৩৭.৫ কিমি

৯৭. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মি. এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক ৩৬ ব.মি. খ ৪২ ব.মি

গ ৪৮ ব.মি. ঘ ৫০ ব.মি.

(ব্যাখ্যা) দেয়া আছে,

ভূমি $a = ১৬$ মি.

বাহুর দৈর্ঘ্য $b = ১০$ "

আমরা জানি,

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{a}{৪}\sqrt{৪b^2 - a^2}$ বর্গ মি.

$= \frac{১৬}{৪}\sqrt{৪ \times ১০^২ - ১৬^২}$

$= \frac{১৬}{৪}\sqrt{৪০০ - ২৫৬}$

$= \frac{১৬}{৪} \times ১২ = ৪৮$ বর্গ মি.

৯৮. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কি কি?

ক ৭ ও ১১ খ ১২ ও ১৮

গ ১০ ও ২৪ ঘ ১০ ও ১৬

(ব্যাখ্যা) ধরি, সংখ্যা দুটি ৫x ও ৮x

প্রশ্নমতে,

$(৫x + ২) : (৮x + ২) = ২ : ৩$

বা, $\frac{৫x + ২}{৮x + ২} = \frac{২}{৩}$

বা, $১৬x + ৪ = ১৫x + ৬$

বা, $x = ২$

সংখ্যা দুটি যথাক্রমে,

$৫x = ৫ \times ২ = ১০$

ও $৮x = ৮ \times ২ = ১৬$

৯৯. একটি সরল রেখার ওপর অঙ্কিত বর্গ ঐ সরল রেখার অর্ধেকের ওপর অঙ্কিত বর্গের কত গুণ?

ক দ্বিগুণ খ তিনগুণ

গ চারগুণ ঘ পাঁচগুণ

(ব্যাখ্যা) ধরি, সরল রেখাটির দৈর্ঘ্য x একক

এর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $x^2$ বর্গ একক

সরল রেখাটির অর্ধেকের $\left(\frac{x}{২}\right)$ ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের

ক্ষেত্রফল $\left(\frac{x}{২}\right)^2$ বর্গ একক

$= \frac{x^2}{৪}$

ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল বড় ক্ষেত্রের ক্ষেত্রফলের যত ভাগ, বড় ক্ষেত্রের ক্ষেত্রফল ছোট ক্ষেত্রের ক্ষেত্রফলের তত গুণ।

$\therefore x^2 \div \frac{x^2}{৪} = x^2 \times \frac{৪}{x^2} = ৪$ গুণ

১০০. x ও y-এর মানের গড় ৯ এবং $z = ১২$ হলে, x, y এবং z-এর মানের গড় কত হবে?

ক ৬ খ ৯

গ ১০ ঘ ১২

(ব্যাখ্যা) x ও y এর মানের সমষ্টি $(২ \times ৯) = ১৮$

$z = ১২$ দেয়া আছে

∴ x, y ও z-এর মানের গড় $\frac{(১৮ + ১২)}{৩} = \frac{৩০}{৩} = ১০$

উত্তর

| | |
|---|---|
| ৯৪ | ক |
| ৯৫ | গ |
| ৯৬ | খ |
| ৯৭ | গ |
| ৯৮ | ঘ |
| ৯৯ | গ |
| ১০০ | গ |